

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।

[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)

তারিখঃ ৯ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস রিলিজ

## HS Code অথবা পণ্যের বর্ণনায় ভিন্নতা সত্ত্বেও বন্ডেড প্রতিষ্ঠানের মালামাল খালাসের জন্য নির্দেশনা

বন্ডেড ওয়ারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স অথবা প্রাপ্যতা শীট বা সংশ্লিষ্ট Utilization Declaration (UD) এর সাথে অথবা উক্ত প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য খালাসের জন্য দাখিলকৃত ঘোষণায় প্রদত্ত পণ্যের বর্ণনা ও HS Code এর সাথে কার্যিক পরীক্ষার মাধ্যমে কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক নিরূপিত HS Code অথবা পণ্যের বর্ণনা কখনো কখনো নানাবিধ কারণে ভিন্নতর হয়ে থাকে। এরূপ ভিন্নতার দরুন পণ্য শুল্কায়ন প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয় এবং যথাসময়ে পণ্য খালাস না হওয়ায় রপ্তানি আদেশ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে রপ্তানি পণ্য জাহাজীকরণে বিলম্ব ঘটছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে। রপ্তানি বাণিজ্যের বৃহত্তর স্বার্থে জরুরি বিবেচনায় বন্ডেড প্রতিষ্ঠানের মালামাল খালাস সংক্রান্ত এরূপ জটিলতা নিরসনকল্পে জাতীয় রাজস্ব বোর্ড আজ একটি নির্দেশনা জারি করেছে।

উক্ত নির্দেশনা অনুসারে বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত পণ্যের বর্ণনা ও HS Code অনুযায়ী আমদানিকৃত পণ্যের ঘোষণা দাখিল করার পর কাস্টমস কর্তৃপক্ষ ভিন্ন HS Code বা ভিন্নতর পণ্যের বর্ণনা নিরূপণ করলে এবং নিরূপিত HS Code এর প্রথম ৪ ডিজিট বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত HS Code এর প্রথম ৪ ডিজিট এর সাথে মিল থাকলে উক্ত HS Code অথবা পণ্যের বর্ণনা বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত করার অঙ্গীকারনামা দাখিল করার শর্তে সংশ্লিষ্ট কাস্টমস হাউস হতে দ্রুত পণ্যচালান খালাস করা যাবে।

এছাড়া, বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত পণ্যের বর্ণনা ও HS Code অনুযায়ী আমদানিকৃত পণ্যের ঘোষণা দাখিল করার পর কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক ভিন্ন HS Code নিরূপণ করা হলে বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠান কাস্টমস বন্ড ম্যানেজমেন্ট সিস্টেম (CBMS) এর মাধ্যমে প্রতিষ্ঠানের প্রাপ্যতায় উক্ত HS Code অন্তর্ভুক্ত করে সর্বোচ্চ ২ দিনের মধ্যে পণ্য খালাস করতে পারবে।

এ নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে বন্ডেড প্রতিষ্ঠানগুলোর রপ্তানি কার্যক্রম আরও সহজ, দ্রুত ও সাশ্রয়ী করার মাধ্যমে দেশের সামগ্রিক রপ্তানি প্রবৃদ্ধি ও বৈদেশিক মুদ্রা অর্জনে ইতিবাচক ভূমিকা রাখা সম্ভব হবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড মনে করে।



মোঃ আল-আমিন শেখ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।